চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশনের দ্বিতল আধুনিক ভবন নির্মাণ কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশনের দ্বিতল আধুনিক ভবন কার পার্কিং, প্লাটফর্ম ও শেড নির্মাণ কাজের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ শুক্রবার সকাল সাড়ে ১০টায় চুয়াডাঙ্গা রেলস্টেশন চত্বরে এ উদ্বোধন করা হয়। চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শুভ উদ্বোধন ঘোষণা করেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক ছেলুন (এমপি)।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, প্রধানমন্ত্রীর হাত ধরে দেশে উন্নয়নের ধারা অব্যাহত রয়েছে। জেলায় অনেক উন্নয়ন হয়েছে। বড় বড় প্রকল্প বাস্তবায়ন হচ্ছে। কিছুদিন আগে ওভারপাস নির্মাণ চুয়াডাঙ্গা উন্নয়নের বড় অর্জন। এর পরপরই আবার চুয়াডাঙ্গা বাসীর সুবিধা করার জন্য আধুনিক রেলওয়ে স্টেশন বড় একটা প্রজেক্ট বাস্তবায়ন হবে এটির মাধ্যমে। এ সময় তিনি আরও বলেন শেখ হাসিনা সরকার উন্নয়নের সরকার। এই উন্নয়নের ধারা অব্যাহত রাখার জন্য তিনি আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আবারো নৌকা মার্কা ভোট দিতে হবে।

এসময় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(অর্থ ও প্রশাসন) রিয়াজুল ইসলাম, বাংলাদেশ রেলওয়ে পশ্চিমাঞ্চলের মহাব্যবস্থাপক অসীম কুমার, রেলওয়ে পশ্চিমের প্রধান প্রকৌশলী আসাদুল হক ও জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহাফুজুর রহমান মনজু, ঠিকাদার আরেফিন আলম রঞ্জু, পৌর আওয়ামী লীগের সভাপতি আলাউদ্দিন হেলা সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও রেলওয়ে প্রশাসনের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শেষ পর্বে জানা যায়, ১০ কোটি ১৮ লাখ টাকা ব্যয়ে ধরা হয়েছে চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশন দ্বিতল আধুনিক ভবন নির্মাণ কাজের। কাজ শেষ হতে সময় লাগবে ৫৪০ দিন।